দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# চাটমোহরে মেডিক্যাল অফিসারকে প্রহার গ্রেফতার ছাত্রদল নেতা

**চাটমোহর (পাবনা) থেকে সংবাদদাতা :** চাটমোহর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিক্যাল অফিসার ডা. আবুল হোসেন বৃহস্পতিবার রাতে ছাত্রদলের এক নেতার হাতে প্রহৃত হয়েছেন। পুলিশ ঘটনার পরপরই ছাত্রদলের ওই নেতাকে গ্রেফতার করেছে।

জানা গেছে, ঘটনার দিন রাতে দোলং মহল্লার বাসিন্দা শহিদুল আলমের ছেলে ছাত্রদল নেতা আনোয়ার হোসেন মাছুম (২০) দলবল নিয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে ডা. আবুল হোসেনকে এক রোগীর ব্যাপারে জিজ্ঞাসাবাদ করে এবং অকথ্য ভাষায় করতে থাকে। ডাক্তার প্রতিবাদ করলে মাছুম তার ওপর চড়াও হয় এবং মারপিট করে। স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মচারীরা এগিয়ে আসলে তারা পালিয়ে যায়। বিষয়টি তাৎক্ষণিক পুলিশে জানানো হলে থানার এসআই একরামের নেতৃত্বে এসআই রফিক ও এসআই শরীফুল অভিযান চালিয়ে হাসপাতাল ক্যাম্পাস থেকে ছাত্রদল নেতা মাছুমকে গ্রেফতার করে। এ ব্যাপারে ডা. আবুল হোসেন বাদি হয়ে চাটমোহর থানায় একটি মামলা দায়ের করেছেন। পুলিশ শুক্রবার মাছুমকে জেলহাজতে পাঠিয়েছে।